
# ভারতকে এমন শিক্ষা দিয়েছি যা কখনো ভুলবে না: শেহবাজ শরীফ



সংগৃহীত ছবি

পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরীফ বলেছেন, সাম্প্রতিক সংঘাতে ইসলামাবাদ ভারতের মোদি সরকারকে এমন শিক্ষা দিয়েছে, যা তারা সহজে ভুলবে না। বুধবার খাইবার পখতুনখোয়ার হারিপুর বিশ্ববিদ্যালয়ে প্রধানমন্ত্রীর ল্যাপটপ স্কিম উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

শেহবাজ শরীফের দাবি, ‘মার্কা-এ-হক’ বা সত্যের যুদ্ধে পাকিস্তানের সশস্ত্র বাহিনী জাতির দোয়া ও সমর্থনে সফল হয়েছে। তার ভাষায়, এই পরাজয়ের স্মৃতি দিল্লি থেকে মুম্বই—ভারত কখনও ভুলতে পারবে না।

উল্লেখ্য, মে মাসে ভারত-পাকিস্তানের মধ্যে কয়েকদিনের সংঘর্ষ হয়। পাকিস্তানের অভিযোগ, কোনো উসকানি ছাড়াই ভারত হামলা চালায়। অন্যদিকে নয়াদিল্লি পেহেলগামে পর্যটক হত্যার ঘটনায় পাকিস্তানি সংশ্লিষ্টতার অভিযোগ তোলে, যা ইসলামাবাদ অস্বীকার করে নিরপেক্ষ তদন্তের আহ্বান জানায়। সংঘর্ষে পাকিস্তান একাধিক যুদ্ধবিমান ও ড্রোন ভূপাতিত করার দাবি করে। পরে যুক্তরাষ্ট্রের মধ্যস্থতায় ১০ মে যুদ্ধবিরতির মাধ্যমে পরিস্থিতির অবসান ঘটে।

প্রধানমন্ত্রী আরও বলেন, খাইবার পখতুনখোয়া সাহসী ও ত্যাগী মানুষের প্রদেশ, যারা দীর্ঘদিন ধরে সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াই করেছে। তাদের আত্মত্যাগেই দেশে স্থিতিশীলতা ফিরেছে উল্লেখ করে তিনি ল্যাপটপ স্কিমের আওতা প্রদেশজুড়ে সম্প্রসারণের ঘোষণা দেন।